

## নতুন প্রযুক্তি আবিষ্কার করতে তরুণদের প্রতি গণশিক্ষা প্রতিমন্ত্রীর আহ্বান

**নিজস্ব বার্তা পরিবেশক**

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার প্রদত্ত সব সুযোগ-সুবিধা ব্যবহার করে নতুন নতুন প্রযুক্তি আবিষ্কারের মাধ্যমে জনহিতকর কাজে সম্পৃক্ত হওয়ার জন্য তরুণ সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোতাহার হোসেন।

গতকাল রাজধানীর কারওয়ানবিলে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউশন মিলনায়তে 'ফ্ল্যাটমেলা ডটকম' শীর্ষক রিচেল এস্টেট ফেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। এতে বিশেষ অতিথি ছিলেন পার্বত্য চট্টগ্রামবিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি অ্যাডভোকেট শাহ আলম, ফেডারেল সাংবাদিক ইউনিয়নের সভাপতি ইকবাল সোবহান চৌধুরী, রিহাবের সহসভাপতি আবদুর রহিম প্রমুখ।

গণশিক্ষা প্রতিমন্ত্রী আরও বলেন, ফ্ল্যাট বা জমি কেনার জন্য একজন উৎসাহী ক্রেতাকে আবাসন খাতির বিভিন্ন প্রতিষ্ঠানের অফিসে গিয়ে তথ্য সংগ্রহ করতে হয় এবং বাসা বা অফিস ভাড়া নেয়ার জন্য বাড়ি বাড়ি গিয়ে টু-স্টে নোটিশ বুজতে হয়। এতে করে ক্রেতাকে অনেক সময় ব্যয় ও পরিশ্রম করতে হয়, যা প্রবাসীদের জন্য স্বীকৃত্য অসম্ভব। তাই 'ফ্ল্যাটমেলা ডটকম' অনলাইনে এ সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবে।